Roll No. | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

*Signature of Invigilator*

**Question Booklet Series** **X**

**PAPER–I** **Question Booklet No.**

**Subject Code : 00**

# GENERAL

*Time : 1 Hour* *Maximum Marks: 100*

### *Instructions for the Candidates*

1. Write your Roll Number in the space provided on the top of this page as well as on the OMR Sheet provided.
2. At the commencement of the examination, the question booklet will be given to you. In the first 5 (five) minutes, you are requested to open the booklet and verify it:
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page.
   (ii) Faulty booklet, if detected, should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.
   (iii) Verify whether the Question Booklet No. is identical with OMR Answer Sheet No.; if not, the full set is to be replaced.
   (iv) After this verification is over, the Question Booklet Series and Question Booklet Number should be entered on the OMR Sheet.
3. This paper consists of Fifty (50) multiple-choice type questions. All the questions are compulsory. Each question carries *two* marks.
4. Each Question has four alternative responses marked: (A) (B) (C) (D) . You have to darken the circle as indicated below on the correct response against each question.
   *Example:* (A) (B) ● (D) , where (C) is the correct response.
5. Your responses to the questions are to be indicated correctly in the OMR Sheet. If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Rough work is to be done at the end of this booklet.
7. If you write your Name, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except in the space allotted for the relevant entries, which may disclose your identity or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
8. Do not tamper or fold the OMR Sheet in any way. If you do so, your OMR Sheet will not be evaluated.
9. You have to return the Original OMR Sheet to the invigilator at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry question booklet and duplicate copy of OMR Sheet after completion of examination.
10. **Use only Black Ball point pen.**
11. **Use of any calculator, mobile phone, electronic devices/gadgets etc. is strictly prohibited.**
12. **There is no negative marks for incorrect answer.**

### *পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী*

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll No.) লিখুন।

২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ
   (i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (Cover Page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।
   (ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।
   (iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।
   (iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (Booklet) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।

৩. এই পত্রটিতে পঞ্চাশ (৫০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice Type Questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।

৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ (A) (B) (C) (D)। নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।
   *উদাহরণ ঃ* (A) (B) ● (D), যেখানে সঠিক উত্তর (C) ।

৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।

৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।

৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।

৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।

৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের প্রতিলিপি (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।

১০. **শুধুমাত্র কালো বল্ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**

১১. **কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**

১২. **ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**



[ Please Turn Over ]

## Paper I
## (General)

**1.** Identify the non-probability sampling technique from the following:

(A) Simple Random Sampling
(B) Systematic Sampling
(C) Stratified Sampling
(D) Purposive Sampling

**1.** নিম্নলিখিত বিকল্পের মধ্যে অ-সম্ভাব্যতা নমুনার কৌশল চিহ্নিত করুন।

(A) সিম্পল র‍্যান্ডম স্যাম্পলিং
(B) সিস্টেমেটিক স্যাম্পলিং
(C) স্ট্র্যাটিফায়েড স্যাম্পলিং
(D) পারপাসিভ স্যাম্পলিং

**2.** The items in a questionnaire should be presented in the following order:

(A) General to specific
(B) Easy to very difficult
(C) Known to unknown
(D) Simple to complex

**2.** একটি প্রশ্নমালায় বিষয়গুলি নিম্নলিখিত যে ক্রমে হওয়া উচিত তা হল

(A) নির্বিশেষ থেকে বিশেষ
(B) সহজ থেকে খুব কঠিন
(C) জানা থেকে অজানা
(D) সরল থেকে জটিল

**3.** ‘Survey Monkey — an Online Reference tool’ facilitates:

(A) Text Analysis
(B) Survey Templates
(C) SPSS Integration
(D) Real-time Results

**3.** ‘সার্ভে মানকি — অ্যান অনলাইন রেফারেন্স টুল’ নিম্নের কোন বিষয়টি সম্পাদন করতে সাহায্য করে?

(A) টেক্সট অ্যানালিসিস
(B) সার্ভে টেমপ্লেটস
(C) এস পি এস এস ইন্টিগ্রেশন
(D) রিয়েল-টাইম রেজাল্টস

**4.** Ethics in research is *not* concerned with:

(A) Claiming others’ ideas as one’s own
(B) Political ideology of the researcher
(C) Invasion of participant’s privacy
(D) Self-plagiarism

**4.** নিম্নলিখিত কোন বিষয়টি গবেষণায় নৈতিকতার সঙ্গে সংশ্লিষ্ট *নয়*?

(A) অন্যের চিন্তা-ভাবনাকে নিজের বলে দাবি করা
(B) গবেষকের রাজনৈতিক মতাদর্শ
(C) গবেষণায় অংশগ্রহণকারীদের ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘন
(D) আত্ম-কুম্ভীলকবৃত্তি

**5.** Match *List-I* containing the type of research problem with the *List-II* containing the method of research.

| *List-I* (Research Problem) | *List-II* (Research Method) |
|---|---|
| (a) Peer-interaction in a racially mixed classroom of an urban high school | (i) Cross-sectional survey research |
| (b) Developmental pattern of intelligence among middle school students | (ii) Expost-facto research |
| (c) Effect of watching television on science achievement of nineth grade students | (iii) Ethnographic research |
| (d) Impact of education on social status of marginalized groups | (iv) Experimental research |

Choose the most appropriate answer from the following options:

*Codes*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iv) | (ii) | (i) | (iii) |
| (B) | (iii) | (i) | (iv) | (ii) |
| (C) | (ii) | (iii) | (i) | (iv) |
| (D) | (i) | (iv) | (ii) | (iii) |

**6.** Which of the following in combination characterise qualitative research?

I. Research tool dependence
II. Researcher dependence
III. Context-free generalization
IV. Context-specific generalization
V. Minimal citation of literature

Choose the most appropriate answer from the options given below:

(A) I, III, IV
(B) II, IV, V
(C) III, IV, V
(D) I, II, III

**5.** নীচে দেওয়া *তালিকা-I*-এ গবেষণার বিষয়ের বা গবেষণা-সমস্যার উল্লেখ করা হয়েছে। *তালিকা-II*-এ গবেষণার পদ্ধতির উল্লেখ করা হয়েছে। *তালিকা-I*-এর সঙ্গে *তালিকা-II*-কে সঠিকভাবে মেলান।

| *তালিকা-I* (গবেষণার সমস্যা) | *তালিকা-II* (গবেষণার পদ্ধতি) |
|---|---|
| (a) একটি শহুরে হাই স্কুলের মিশ্র বর্ণের শিক্ষার্থীদের মধ্যে আলাপ-আলোচনা | (i) ক্রস-সেকশনাল সার্ভে গবেষণা |
| (b) মাধ্যমিক স্কুলের ছাত্রছাত্রীদের মধ্যে বুদ্ধির বিকাশের রূপরেখা | (ii) এক্সপোস্ট-ফ্যাক্টো গবেষণা |
| (c) নবম শ্রেণির ছাত্রছাত্রীদের ওপর বিজ্ঞানের কৃতিত্ব বিষয়ে টেলিভিশন প্রোগ্রামের প্রভাব | (iii) এথনোগ্রাফিক গবেষণা |
| (d) প্রান্তিক গোষ্ঠীর সামাজিক মর্যাদার ওপর শিক্ষার প্রভাব | (iv) এক্সপেরিমেন্টাল গবেষণা |

নীচে দেওয়া সূত্র থেকে সঠিক উত্তর চিহ্নিত করুন :

*সূত্র* :

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iv) | (ii) | (i) | (iii) |
| (B) | (iii) | (i) | (iv) | (ii) |
| (C) | (ii) | (iii) | (i) | (iv) |
| (D) | (i) | (iv) | (ii) | (iii) |

**6.** নিম্নলিখিত কোনগুলির সমবায় গুণগত গবেষণাকে চিহ্নিত করে?

I. রিসার্চ টুল ডিপেনডেন্স
II. রিসার্চার ডিপেনডেন্স
III. কনটেক্সট-ফ্রি জেনেরেলাইজেশন
IV. কনটেক্সট-স্পেসিফিক জেনেরেলাইজেশন
V. মিনিমাল সাইটেশন অফ্ লিটারেচার

নিম্নলিখিত বিকল্পগুলি থেকে সঠিক উত্তর বের করুন :

(A) I, III, IV
(B) II, IV, V
(C) III, IV, V
(D) I, II, III

**7.** Obstacles which distort the meaning of a message in a communication are termed as:

(A) Semantic Barriers
(B) Deficient Barriers
(C) Language Barriers
(D) Structural Barriers

**7.** কম্যুনিকেশনের মধ্যে নিহিত বার্তার অর্থকে যেসব প্রতিবন্ধক বিকৃত করে, তাদের বলা হয়

(A) শব্দার্থগত প্রতিবন্ধক
(B) অপূর্ণ প্রতিবন্ধক
(C) ভাষিক প্রতিবন্ধক
(D) কাঠামোগত প্রতিবন্ধক

**8.** In a group, the logical sequence of effective communication follows the following steps:

(A) Forming→Performing→Norming→Storming→Adjourning
(B) Forming→Norming→Storming→Performing→Adjourning
(C) Forming→Storming→Norming→Performing→Adjourning
(D) Forming→Norming→Storming→Adjourning→Performing

**8.** কার্যকরী কম্যুনিকেশনের জন্য যে কোনো দল বা গোষ্ঠী (Group) নিম্নলিখিত যে যুক্তিসম্পন্ন সোপানের সহায়তা নেয়, তা হল :

(A) সংগঠন → প্রদর্শন → নিয়ম নির্ণয় → বাদানুবাদ → উপসংহার/স্থগিতাদেশ
(B) সংগঠন → নিয়ম নির্ণয় → বাদানুবাদ → প্রদর্শন → উপসংহার/স্থগিতাদেশ
(C) সংগঠন → বাদানুবাদ → নিয়ম নির্ণয় → প্রদর্শন → উপসংহার/স্থগিতাদেশ
(D) সংগঠন → নিয়ম নির্ণয় → বাদানুবাদ → উপসংহার/স্থগিতাদেশ → প্রদর্শন

**9.** Protection of an original music composition and recording is in the domain of:

(A) Trademark
(B) Copyright
(C) Brand
(D) Logo

**9.** মূল সংগীত সৃষ্টি ও তাতে সুর দিয়ে বাণীবদ্ধ করে সুরক্ষিত রাখার প্রক্রিয়া যার আওতায় পড়ে, তা হল :

(A) ট্রেডমার্ক
(B) কপিরাইট
(C) ব্র্যান্ড
(D) লোগো

**10.** In a society where people learn from members of other cultures and grow together is having an _______ environment.

(A) Inter-cultural
(B) Cross-cultural
(C) Multicultural
(D) Hybrid cultural

**10.** সমাজের বিভিন্ন সংস্কৃতির মানুষ একে অপরের কাছ থেকে শিক্ষা নিয়ে একই সঙ্গে বেড়ে ওঠার যে পরিবেশ সৃষ্টি করে, সেই পরিবেশকে বলা হয় একটি ________ পরিবেশ।

(A) ইন্টার-কালচারাল
(B) ক্রস্-কালচারাল
(C) মাল্টিকালচারাল
(D) হাইব্রিড কালচারাল

**11.** Match the tag lines stated in *List-I* with the different newspapers published in India in *List-II.*

| *List-I* | *List-II* |
|---|---|
| (a) Journalism of Courage | (i) The Statesman |
| (b) India's National Newspaper Since 1878 | (ii) Indian Express |
| (c) Let the Truth Prevail | (iii) The Hindu |
| (d) People's Parliament Always in Session | (iv) The Times of India |

*Code*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iii) | (iv) | (i) | (ii) |
| (B) | (ii) | (iii) | (iv) | (i) |
| (C) | (ii) | (iv) | (i) | (iii) |
| (D) | (iv) | (i) | (ii) | (iii) |

**11.** *তালিকা-I*-এ খবরের কাগজের ট্যাগলাইন দেওয়া হয়েছে। *তালিকা-II*-এ কাগজের নাম দেওয়া হয়েছে। *তালিকা-I*-এর সঙ্গে *তালিকা-II* সঠিক ভাবে মেলান।

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) সাহসী সাংবাদিকতা | (i) দ্য স্টেটস্‌ম্যান |
| (b) 1878 থেকে ভারতের জাতীয় সংবাদপত্র | (ii) ইন্ডিয়ান এক্সপ্রেস |
| (c) সত্য বিদ্যমান থাকুক | (iii) দ্য হিন্দু |
| (d) জনগণের সংসদ সর্বদাই অধিবেশনে | (iv) দ্য টাইমস্ অফ্ ইন্ডিয়া |

*সূত্র* :

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iii) | (iv) | (i) | (ii) |
| (B) | (ii) | (iii) | (iv) | (i) |
| (C) | (ii) | (iv) | (i) | (iii) |
| (D) | (iv) | (i) | (ii) | (iii) |

**12.** There are two statements given below:

SWAYAM—Indian Governments' MOOC platform primarily aims:

(I) To take the best teaching-learning resources to all the learners including the most disadvantaged group.

(II) Not to accomplish three cardinal principles of education—access, equity and quality.

Choose the right answer :

(A) (I) and (II) are correct.
(B) (I) is correct and (II) is incorrect.
(C) (I) is incorrect and (II) is correct.
(D) Both (I) and (II) are incorrect.

**12.** নীচে দুটি বিবৃতি দেওয়া হল :

'স্বয়ম'— ভারত সরকারের 'MOOC Platform' -এর প্রাথমিক লক্ষ্য হল :

(I) দেশের দুর্বলতম সুবিধাবঞ্চিত ছাত্রগোষ্ঠীসহ সকলের কাছে উৎকৃষ্টতম শিক্ষা ও শিখনসম্পদ পৌঁছে দেওয়া।

(II) শিক্ষার তিনটি মুখ্য উদ্দেশ্য যথা – অ্যাকসেস, ইক্যুইটি অ্যান্ড কোয়ালিটিকে সম্পাদন না করা।

সঠিক উত্তরটি নির্বাচন করুন :

(A) (I) এবং (II) উভয়ই ঠিক।
(B) (I) ঠিক কিন্তু (II) ভুল।
(C) (I) ভুল কিন্তু (II) ঠিক।
(D) (I) এবং (II) উভয়ই ভুল।

**13.** Match *List-I* containing e-learning platforms with *List-II* containing e-learning resources.

| *List-I* (e-Learning platform) | *List-II* (e-Learning resource) |
|---|---|
| (a) DIKSHA | (i) Online courses through MOOCs |
| (b) SWAYAM | (ii) Broadcasting educational curriculum driven contents |
| (c) SWAYAM Prava | (iii) Graded learning materials |
| (d) e-Pathshala | (iv) Vidya Daan |

Choose the most appropriate answer from the following options:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (iii) | (iv) | (ii) |
| (B) | (ii) | (i) | (iv) | (iii) |
| (C) | (iii) | (i) | (iv) | (ii) |
| (D) | (iv) | (i) | (ii) | (iii) |

**13.** নিম্নের *তালিকা-I*-এ ই-লার্নিং প্ল্যাটফর্ম-এর উল্লেখ রয়েছে এবং *তালিকা-II*-এ ই-লার্নিং রিসোর্সেস-এর উল্লেখ রয়েছে। সঠিকভাবে *তালিকা-I*-এর সঙ্গে *তালিকা-II*-কে মিলিয়ে নিন।

| *তালিকা-I* (e-Learning platform) | *তালিকা-II* (e-Learning resource) |
|---|---|
| (a) DIKSHA | (i) MOOC-এর মাধ্যমে অনলাইন পাঠ্যক্রম |
| (b) SWAYAM | (ii) সম্প্রচার নির্ভর পঠন -পাঠনের বিষয়বস্তু |
| (c) SWAYAM Prava | (iii) গ্রেডেড লার্নিং বিষয়বস্তু |
| (d) e-Pathshala | (iv) বিদ্যাদান |

সঠিক উত্তর নির্দেশ করুন :

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (iii) | (iv) | (ii) |
| (B) | (ii) | (i) | (iv) | (iii) |
| (C) | (iii) | (i) | (iv) | (ii) |
| (D) | (iv) | (i) | (ii) | (iii) |

**14.** Which of the following maximizes the learning environment in educational institutions?

(A) Engaging pedagogy
(B) Formative evaluation
(C) Career counselling
(D) Sound ethical grounding

**14.** নীচের কোনটি বিদ্যায়তনের শিক্ষাগত পরিবেশের সর্বাধিক উত্তরণ ঘটায় ?

(A) এনগেজিং পেডাগজি
(B) ফর্মাটিভ ইভ্যালুয়েশন
(C) ক্যারিয়ার কাউন্সেলিং
(D) সাউন্ড এথিক্যাল গ্রাউন্ডিং

**15.** *List-I* contains adolescent learner characteristics and *List-II* contains their respective dimensions. Match *List-I* with *List-II*.

| *List-I* (Adolescent learner characteristic) | *List-II* (Dimension) |
|---|---|
| (a) Moving from concrete to abstract thinking | (i) Social |
| (b) In the process of establishing sense of personal identity | (ii) Cognitive |
| (c) Demonstrate resilience and coping skills | (iii) Academic |
| (d) Focus on personal decision making | (iv) Emotional |

Choose the most appropriate answer from the options given below:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iv) | (ii) | (i) | (iii) |
| (B) | (iii) | (i) | (iv) | (ii) |
| (C) | (ii) | (iv) | (i) | (iii) |
| (D) | (ii) | (i) | (iv) | (iii) |

**15.** *তালিকা-I*-এর সঙ্গে *তালিকা-II*-এর সামঞ্জস্যবিধান করুন :

| *তালিকা-I* (বয়ঃসন্ধির শিক্ষার্থীর বৈশিষ্ট্য) | *তালিকা-II* (বয়ঃসন্ধির শিক্ষার্থীর মাত্রা) |
|---|---|
| (a) মূর্ত থেকে বিমূর্ত ভাবনার অভিমুখে চলন | (i) সোশ্যাল |
| (b) ব্যক্তিসত্তার অস্তিত্ব প্রতিষ্ঠার লক্ষ্যে একটি প্রক্রিয়া | (ii) কগ্‌নিটিভ |
| (c) প্রতিরোধী এবং মোকাবিলা করার দক্ষতা প্রদর্শন | (iii) অ্যাকাডেমিক |
| (d) ব্যক্তিগত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে গুরুত্বদান | (iv) ইমোশনাল |

সঠিক উত্তরটি নির্বাচন করুন :

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iv) | (ii) | (i) | (iii) |
| (B) | (iii) | (i) | (iv) | (ii) |
| (C) | (ii) | (iv) | (i) | (iii) |
| (D) | (ii) | (i) | (iv) | (iii) |

**16.** Following table provides figures (in Rupees) on annual expenditure of a firm for two years-2010 and 2011. In 2011, which of the following two categories have registered by same percentage increase?

| Category | 2010 | 2011 |
|---|---|---|
| Raw material | 5200 | 6240 |
| Power & Fuel | 7000 | 9450 |
| Salary & Wages | 9000 | 12600 |
| Plant & Machinery | 20000 | 25000 |
| Advertising | 15000 | 19500 |
| Research & Development | 22000 | 26400 |


(A) Raw material and Salary & Wages
(B) Salary & Wages and Advertising
(C) Power & Fuel and Advertising
(D) Raw material and Research & Development

**16.** একটি ফার্মের দুটি বছর 2010 এবং 2011 সালের বার্ষিক ব্যয় নিম্নলিখিত তালিকায় টাকার অঙ্কে উল্লেখ করা হল। 2011 সালে, নিম্নলিখিত কোন দুটি বিভাগ একই শতাংশে বৃদ্ধি দেখাচ্ছে?

| ক্যাটেগরি | 2010 | 2011 |
|---|---|---|
| Raw material | 5200 | 6240 |
| Power & Fuel | 7000 | 9450 |
| Salary & Wages | 9000 | 12600 |
| Plant & Machinery | 20000 | 25000 |
| Advertising | 15000 | 19500 |
| Research & Development | 22000 | 26400 |

(A) Raw material and Salary & Wages
(B) Salary & Wages and Advertising
(C) Power & Fuel and Advertising
(D) Raw material and Research & Development

**17.** The ratio of male to female students in a college for five years is plotted in the following line graph. If the number of female students doubled in 2009, by what percentage did the number of male students increase in 2009?





(A) 80

(B) 130

(C) 140

(D) 120

**17.** একটি মহাবিদ্যালয়ে পাঁচ বছরের জন্য পুরুষ ও মহিলা শিক্ষার্থীর অনুপাতটি নিম্নলিখিত রেখাচিত্রে চিত্রিত করা হয়েছে। 2009 সালে মহিলা শিক্ষার্থীদের সংখ্যা দ্বিগুণ হলে, 2009 সালে পুরুষ শিক্ষার্থীদের সংখ্যা কত শতাংশ বৃদ্ধি পেয়েছে?




(A) 80

(B) 130

(C) 140

(D) 120

**18.** Given below are two statements: One is labelled as *Assertion (A)* and the other is labelled as *Reason(R)*.

*Assertion (A)* : Data acquisition is the process of sampling signals that measure real-world physical conditions and converting the resulting samples into digital numeric values that can be manipulated by a computer.

*Reason (R)* : Data acquisition is the process of digitizing data from the world around us so it can be displayed, analyzed and stored in a computer.

In the light of the above statements, choose the most appropriate answer from the following options:

(A) Only *(A)* is correct but *(R)* is not proper explanation of *(A)*.

(B) Both *(A)* and *(R)* are not correct.

(C) Both *(A)* and *(R)* are correct and *(R)* is the correct explanation of *(A)*.

(D) Only *(A)* is wrong and *(R)* is proper explanation of *(A)*.

**18.** দুটি বিবৃতি দেওয়া হয়েছে : একটি চিহ্নিত হয়েছে মন্তব্য (Assertion) হিসেবে, এবং অপরটি যুক্তি (Reason) হিসেবে।

*মন্তব্য (A)* : ডেটা অ্যাকুইজিশন হল সিগন্যালের নমুনায়ন প্রক্রিয়া, যা বাস্তব পৃথিবীর ভৌত শর্তাদি পরিমাপ করে, এবং উৎপন্ন নমুনাগুলি ডিজিটাল সংখ্যায় রূপান্তরিত করে, যা একটি কম্পিউটার দ্বারা পরিচালিত হতে পারে।

*যুক্তি (R)* : ডেটা অ্যাকুইজিশন হল আমাদের চারপাশের বিশ্ব থেকে ডেটা সংগ্রহ করে ডিজিটাল করার প্রক্রিয়া যাতে সেই ডেটা কম্পিউটারে প্রদর্শন, বিশ্লেষণ এবং সংরক্ষিত করা যায়।

উপরের স্টেটমেন্টগুলির আলোকে, নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে সঠিক উত্তর বের করুন।

(A) শুধুমাত্র *(A)* সঠিক কিন্তু *(R)*, *(A)*-এর সঠিক ব্যাখ্যা নয়।

(B) *(A)* এবং *(R)* কোনোটাই সঠিক উত্তর নয়।

(C) *(A)* এবং *(R)* দুটিই সঠিক এবং *(R)*, *(A)*-এর সঠিক ব্যাখ্যা।

(D) শুধুমাত্র *(A)*-ই ভুল এবং *(R)*, *(A)*-এর সঠিক ব্যাখ্যা।

**19.** If $p{:}q = 1{:}2$, $q{:}r = 4{:}3$, $r{:}s = 4{:}5$ and $u$ is 50% more than $s$, what is the ratio of $p{:}u$?

(A) 2 : 15

(B) 16 : 15

(C) 1 : 5

(D) 16 : 45

**19.** যদি $p{:}q = 1{:}2$, $q{:}r = 4{:}3$, $r{:}s = 4{:}5$ এবং $u$ হল $s$-এর 50% বেশি, তাহলে $p{:}u$-র অনুপাত কত?

(A) 2 : 15

(B) 16 : 15

(C) 1 : 5

(D) 16 : 45


**20.** Match items of *List-I* with the items of *List-II* and indicate your answer by selecting the correct code:

| *List-I* (Data) | *List-II* (Description of Data) |
|---|---|
| (a) Qualitative data | (i) Countable or measurable |
| (b) Quantitative data | (ii) Description based |
| (c) Discrete data | (iii) Measured in interval scale |
| (d) Continuous data | (iv) Numerical and countable |

*Code*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (ii) | (i) | (iii) | (iv) |
| (C) | (ii) | (i) | (iv) | (iii) |
| (D) | (iii) | (i) | (ii) | (iv) |

**21.** Find the missing character from the given response:




(A) 26
(B) 126
(C) 12
(D) 125

**22.** In a certain code, MENTION is written as LNETTNO. How is PATTERN written?

(A) APPTREM
(B) PTAETNR
(C) OTAETNR
(D) OTAETRN


**20.** *তালিকা-I*-এর সঙ্গে *তালিকা-II*-এর সামঞ্জস্যবিধান করুন এবং নিম্নলিখিত বিকল্পগুলির থেকে সঠিক উত্তর লিখুন।

| *তালিকা-I* (ডেটা) | *তালিকা-II* (ডেটার বিবরণ) |
|---|---|
| (a) কোয়ালিটেটিভ ডেটা | (i) গণনাযোগ্য অথবা মাপযোগ্য |
| (b) কোয়ানটিটেটিভ ডেটা | (ii) বিবরণ ভিত্তিক |
| (c) ডিসক্রিট ডেটা | (iii) ডেটা ভ্যালু-কে ইনটারভ্যাল-এ লেখা যায় |
| (d) কন্টিনিউয়াস ডেটা | (iv) সংখ্যা যা গোনা যায় |

*কোড* :

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (ii) | (i) | (iii) | (iv) |
| (C) | (ii) | (i) | (iv) | (iii) |
| (D) | (iii) | (i) | (ii) | (iv) |

**21.** নীচের বিন্যাসটি থেকে লুপ্ত ক্রমটি নির্দেশ করুন :





(A) 26
(B) 126
(C) 12
(D) 125

**22.** কোনো একটি কোডে MENTION লেখা হয়েছে এইভাবে LNETTNO, তাহলে PATTERN লেখা যেতে পারে যে কোডে তা হল :


(A) APPTREM
(B) PTAETNR
(C) OTAETNR
(D) OTAETRN

**23.** Find the missing number that will replace the question mark in the following figure:




(A) 4
(B) 8
(C) 7
(D) 5

**24.** Find the missing character from the diagram and choose the correct answer from the given alternatives:




(A) 4
(B) 305
(C) 343
(D) 729


**25.** Find out the group of letters which is different from the others.

(A) UAVBWC
(B) CHIDJE
(C) XLYMZN
(D) PEQFRG

**26.** A man has a certain number of small boxes to pack into parcels. If he packs 3, 4, 5 or 6 in a parcel, he is left over with one; if he packs 7 in a parcel, none is left over. What are the number of boxes, he may have to pack?


(A) 106
(B) 309
(C) 400
(D) 301

**23.** নিম্নের রেখাচিত্রে প্রশ্নবোধক চিহ্নটি কোন সংখ্যা দ্বারা প্রতিস্থাপিত হতে পারে?




(A) 4
(B) 8
(C) 7
(D) 5

**24.** নিম্নলিখিত বিকল্প থেকে রেখাচিত্রের অনুক্ত সংখ্যাটি নির্ণয় করুন :




(A) 4
(B) 305
(C) 343
(D) 729

**25.** নিম্নলিখিত শব্দসমূহের মধ্যে কোনটি অন্যদের থেকে আলাদা?

(A) UAVBWC
(B) CHIDJE
(C) XLYMZN
(D) PEQFRG


**26.** এক ব্যক্তির কাছে পার্সেল করার জন্য কতকগুলি ছোটো বাক্স ছিল। সে যদি প্রতিটি পার্সেলে 3, 4, 5 অথবা 6টি বাক্স রাখে, তাহলে প্রতিক্ষেত্রে তার কাছে 1টি বাক্স বাকি থাকে; প্রতি পার্সেলে যদি সে 7টি করে বাক্স রাখে, তাহলে কোনো বাক্স বাকি থাকে না। তাহলে সেই লোকটির কাছে পার্সেল করার জন্য কয়টি বাক্স থাকতে পারে?

(A) 106
(B) 309
(C) 400
(D) 301

**27.** In a group of persons travelling in a bus, 6 persons can speak Tamil, 15 can speak Hindi and 6 can speak Gujrati. In that group, none can speak any other language. If 2 persons in the group can speak two languages and one person can speak all the three languages, then how many persons are there in the group?

(A) 21
(B) 22
(C) 23
(D) 24

**28.** How many squares and rectangles are present in the figure?



(A) 8
(B) 9
(C) 10
(D) 12

**29.** Two statements (I and II) and two conclusions (1 and 2) are given below:

*Statements* : I. Some Bricks are Cement.
II. All Cement are Sand.

*Conclusions* : (1) No Bricks are Sand.
(2) Bricks are Cement and Sand.


Choose the correct alternative:

(A) Only (1) is true.
(B) Only (2) is true.
(C) Both (1) and (2) are true.
(D) None of the conclusion is true.

**27.** একটি বাসের যাত্রীদের ভিতরে 6 জন তামিল ভাষায় কথা বলতে পারে, 15 জন হিন্দি ভাষায় কথা বলতে পারে আর 6 জন গুজরাতি ভাষায় কথা বলতে পারে। এদের মধ্যে কেউ অন্য আর কোনো ভাষায় কথা বলতে পারে না। যদি এদের মধ্যে 2 জন দুটি ভাষায় কথা বলতে পারে আর 1 জন তিনটি ভাষাতেই কথা বলতে পারে, তাহলে বাসে কতজন যাত্রী আছে?

(A) 21
(B) 22
(C) 23
(D) 24

**28.** নিম্নের রেখাচিত্রে কয়টি চতুর্ভুজ আছে?



(A) 8
(B) 9
(C) 10
(D) 12

**29.** নীচে দুটি বিবৃতি (I এবং II) এবং দুটি সিদ্ধান্ত (1 এবং 2) দেওয়া হল।

*বিবৃতি* : I. কিছু ইট হল সিমেন্ট।
II. সমস্ত সিমেন্টই হল বালি।

*সিদ্ধান্ত* : (1) কোনো ইটই বালি নয়।
(2) ইট হল সিমেন্ট আর বালি।

সঠিক উত্তরটি নির্বাচন করুন :

(A) একমাত্র (1) হল ঠিক
(B) একমাত্র (2) হল ঠিক
(C) (1) এবং (2) দুই-ই ঠিক
(D) কোনো সিদ্ধান্তই ঠিক নয়

**30.** What is the next term in the following series?

2, 15, 41, 80, ?

(A) 120

(B) 121

(C) 132

(D) 111

**31.** NEP 2020 recommends the following functioning for the General Education Council:

(A) Academic Standard Setting

(B) Standardize Rules and Regulation

(C) Assessment and Accreditation

(D) Budgeting and Funding

**32.** Which of the following are 'Values' recommended by NEP 2020 that help to develop good human beings?

(i) Sacrifice

(ii) Resilience

(iii) Spirit of service

(iv) Inclusiveness

(v) Creative imagination

(vi) Scientific temper

Choose the correct answer from the options given below:

(A) (i), (iii), (vi)

(B) (ii), (iii), (v)

(C) (iii), (iv), (vi)

(D) (i), (ii), (iv)

**33.** Which one of the following is the first University in pre-independent India which provided holistic and multidisciplinary learning?

(A) Takshashila University

(B) University of Mumbai

(C) University of Calcutta

(D) Nalanda University

**30.** নিম্নের সিরিজে পরের সংখ্যাটি কী?

2, 15, 41, 80, ?

(A) 120

(B) 121

(C) 132

(D) 111

**31.** NEP 2020-তে সাধারণ শিক্ষা পরিষদের কার্যকারিতা বিষয়ে নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোনটিকে সুপারিশ করা হয়েছে?

(A) শিক্ষার মান নির্ধারণ

(B) শিক্ষার নিয়মনীতি প্রমিতকরণ

(C) মূল্যায়ন ও স্বীকৃতির মান নির্ধারণ

(D) বাজেট প্রস্তুতিকরণ ও তহবিলের ব্যবস্থাকরণ

**32.** NEP 2020 নিম্নলিখিত কোন 'মূল্যবোধ'গুলি সুপারিশ করেছে যা মানুষকে ভালো মানুষ হয়ে উঠতে সাহায্য করে?

(i) ত্যাগ

(ii) প্রাণচ্ছলতা

(iii) সেবার মনোবৃত্তি

(iv) সামিল হওয়ার ও করার মনোভাব

(v) সৃজনশীল কল্পনা

(vi) বিজ্ঞানমনস্কতা

নিম্নলিখিত বিকল্পগুলির থেকে সঠিক উত্তর বেছে নিন :

(A) (i), (iii), (vi)

(B) (ii), (iii), (v)

(C) (iii), (iv), (vi)

(D) (i), (ii), (iv)

**33.** প্রাক্-স্বাধীন ভারতবর্ষের বিশ্ববিদ্যালয় সমূহের মধ্যে কোনটি সর্বপ্রথম সামগ্রিক ও মাল্টিডিসিপ্লিনারি শিক্ষা প্রদান করত?

(A) তক্ষশীলা বিশ্ববিদ্যালয়

(B) মুম্বাই বিশ্ববিদ্যালয়

(C) কলকাতা বিশ্ববিদ্যালয়

(D) নালন্দা বিশ্ববিদ্যালয়

**34.** NAAC assessment and accreditation of general higher education institutions refers to:

(A) Quality control
(B) Quality assurance
(C) Quality inspection
(D) Quality management

**35.** Which of the following is the best method for inculcation of democratic values among adult learners?

(A) Meditation
(B) Open Dialogue Forum
(C) Display of thought
(D) Self-discipline

**36.** Match the acronyms given in *List-I* with the definition/explanation given in *List-II* and indicate your answer by selecting the correct code.

| *List-I* | *List-II* |
|---|---|
| (a) NDL | (i) To increase the gross enrollment ratio and improve the quality of higher education |
| (b) VIDWAN | (ii) A digital repository for all kinds of learning material |
| (c) RUSA | (iii) To promote use of technology in education and enhance employability of students |
| (d) NEAT | (iv) Database profiles of scientists, researchers, faculty members in teaching and research |

*Code*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (iv) | (iii) | (ii) | (i) |
| (C) | (iii) | (i) | (iv) | (ii) |
| (D) | (ii) | (iv) | (i) | (iii) |

**34.** NAAC-এর সাধারণ উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মূল্যায়ন ও মান্যতা/স্বীকৃতি বলতে বোঝায় :

(A) গুণমান নিয়ন্ত্রণ
(B) গুণমান নিশ্চয়তা
(C) গুণমান পরিদর্শন
(D) গুণমান ব্যবস্থাপনা

**35.** বয়স্ক শিক্ষার্থীদের মধ্যে গণতান্ত্রিক মূল্যবোধ গেঁথে দিতে নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোনটি সঠিক?

(A) মেডিটেশন
(B) ওপেন ডায়লগ ফোরাম
(C) ডিস্‌প্লে অফ থট
(D) সেল্ফ-ডিসিপ্লিন

**36.** *তালিকা-I*-এ কিছু পরিভাষার সংক্ষিপ্ত রূপ বা নির্দেশক শব্দ দেওয়া হয়েছে। *তালিকা-II*-এ এই নির্দেশক শব্দের বর্ণনা বা সংজ্ঞা দেওয়া হয়েছে। এই দুটি তালিকাকে নির্ভুলভাবে মেলান এবং সূত্র থেকে সঠিক মিলটি নির্দেশ করুন।

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) NDL | (i) উচ্চশিক্ষায় মোট সার্বিক তালিকাভুক্তির অনুপাতের বৃদ্ধি ঘটানো এবং উচ্চশিক্ষার মান বাড়ানো |
| (b) VIDWAN | (ii) সব শিক্ষার উপকরণের ডিজিটাল ভাণ্ডার |
| (c) RUSA | (iii) শিক্ষাক্ষেত্রে প্রযুক্তি ব্যবহারে উৎসাহ দান এবং ছাত্রদের কর্মে নিয়োগের যোগ্য করা |
| (d) NEAT | (iv) শিক্ষা ও গবেষণায় যেসব বিজ্ঞানী, গবেষক ও শিক্ষক রয়েছেন তাঁদের সংক্ষিপ্ত জীবনপঞ্জির ডেটাবেস |

*সূত্র* :

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (iv) | (iii) | (ii) | (i) |
| (C) | (iii) | (i) | (iv) | (ii) |
| (D) | (ii) | (iv) | (i) | (iii) |

**37.** Application of ICT in research ensures wider coverage and accessibiliy of required information through:

(A) WAN
(B) LAN
(C) Internet
(D) Skype

**37.** গবেষণায় তথ্যের প্রয়োগ ও গবেষকদের জন্য তা সহজগম্য করার উদ্দেশ্যে ICT-র একটি প্রধান বাহন হল :

(A) WAN
(B) LAN
(C) Internet
(D) Skype

**38.** A private network that enterprises use to provide trusted third parties – such as suppliers, vendors, customers and other business–secure, controlled access to business information or operations is usually called as:

(A) Extranet
(B) Internet
(C) Intranet
(D) Personal Area Network (PAN)

**38.** মাল সরবরাহকারী, বিক্রেতা, ক্রেতা ও বাণিজ্যিক সংস্থা ইত্যাদির বাণিজ্যিক সূচনা মজবুত ও নিয়ন্ত্রণ করার জন্য ব্যক্তিগত মালিকানায় যে নেটওয়ার্কের কাজ হয়, তা হল :

(A) এক্সট্রানেট
(B) ইন্টারনেট
(C) ইন্ট্রানেট
(D) পারসোনাল এরিয়া নেটওয়ার্ক (PAN)

**39.** The term 'Internet of Things' was coined by Kevin Ashton at a presentation to Proctor and Gamble in:

(A) 1996
(B) 1998
(C) 1999
(D) 2019

**39.** কোন সালে প্রক্টর ও গ্যামবেলের একটি সভায় কেভিন অ্যাসটন 'ইন্টারনেট অফ্ থিংস' পরিভাষার নামকরণটি করেছিলেন?

(A) 1996
(B) 1998
(C) 1999
(D) 2019

**40.** A state of being constantly connected to technology whether it is through computer, smartphone, or other digital device is termed as:

(A) Digital Culture
(B) Digi-self
(C) Digi-savvy
(D) Digital-slavery

**40.** কম্যুনিকেশন প্রযুক্তি যেমন কম্পিউটার, স্মার্টফোন ও অন্যান্য ডিজিটাল যন্ত্রের সঙ্গে সদাসর্বদা সংযুক্ত থাকার অবস্থাকে বলা হয় :

(A) ডিজিটাল কালচার
(B) ডিজি-সেলফ
(C) ডিজি-সেভি
(D) ডিজিটাল স্লেভারি (দাসত্ব)

**41.** 'Anthropogenic contamination' is a form of pollution produced directly by:

(A) Human activities

(B) Vehicular traffic congestion

(C) Low temperature

(D) Dust pollution

**41.** 'অ্যানথ্রোপজেনিক কন্টামিনেশন' যে দূষণের প্রত্যক্ষ ফল তা হল :

(A) মানুষের কাজকর্ম

(B) যানবাহন ও যানজট

(C) কম তাপমাত্রা

(D) ধূলি দূষণ

**42.** Water Pollution:

(i) Encourages the growth of invasive plants due to low levels of nitrogen and phosphate into water-ways

(ii) Affects the mycoflora and microflora of soil

(iii) Helps plants to grow and does not allow plants to absorb dangerous chemicals from water

(iv) Affects the rate of photosynthesis of acquatic plant

Choose the correct option from the following:

(A) (i) and (ii)

(B) (iii) and (iv)

(C) (ii) and (iv)

(D) (i) and (iii)

**42.** জল দূষণ :

(i) জলপথে নাইট্রোজেন এবং ফসফেটের নিম্নমাত্রার কারণে আগ্রাসী উদ্ভিদের বৃদ্ধিকে উৎসাহিত করে

(ii) মৃত্তিকার মাইকোফ্লোরা ও মাইক্রোফ্লোরাকে প্রভাবিত করে

(iii) গাছপালাকে বেড়ে উঠতে সাহায্য করে এবং গাছকে জল থেকে বিপজ্জনক রাসায়নিক শোষণ করতে দেয় না

(iv) জলজ উদ্ভিদের সালোকসংশ্লেষণের হারকে প্রভাবিত করে

সঠিক উত্তরটি নির্বাচন করুন :

(A) (i) এবং (ii)

(B) (iii) এবং (iv)

(C) (ii) এবং (iv)

(D) (i) এবং (iii)

**43.** Identify the non-fossil fuel from the following:

(A) Coal

(B) Uranium

(C) Natural Gas

(D) Crude Oil

**43.** নিম্নলিখিতগুলির মধ্যে যেটি 'নন-ফসিল ফুয়েল' সেটি চিহ্নিত করুন :

(A) কয়লা

(B) ইউরেনিয়াম

(C) প্রাকৃতিক গ্যাস

(D) অশোধিত তেল

**44.** 'Silent Spring' was authored by:

(A) Medha Patkar

(B) Amitav Ghosh

(C) Ernt Haeckel

(D) Rachel Carson

**44.** 'Silent Spring' গ্রন্থের রচয়িতা হলেন :

(A) মেধা পাটকর

(B) অমিতাভ ঘোষ

(C) আরন্ট হেকেল

(D) রাচেল কারসন

45. Improved human well-being, social equity, reduced environmental risks and ecological scarcities are associated with the concept of :

(A) Social Sustainability

(B) Green Economy

(C) Silent Spring

(D) Montreal Protocal

**Read the paragraph below and answer the questions from 46 to 50.**

In firms that employ editors, the editor is the link between the author and his publisher and, an author and his editor cannot but interact very closely. Quite apart from choosing and editing typescripts, by the time a work is published its editor will have probably read it rigorously and critically four or five times; he will have sat with the author on many occasions and gone over and discussed every detail of it with him; or, if author and editor are located in different cities, the editor will have written several letters to the author full of very specific suggestions, queries, solutions to various problems, and comments regarding design, typography, marketing, etc. If the publisher himself is not his own editor, it will be evident that much in the relationship between an author and his publishing house devolves on the skills, tact, creativity and intelligence of the editor.

In the process of toiling together on a book a unique relationship is created between author and editor and, if this works well, it frequently results in very closed friendships. Publishing files and gossip are full of correspondence and stories that bear testimony to this. Many authors have aknowledged the seminal role of editors in helping their talents flower, of the tact yet firmness with which editors have saved authors from being carried away by verbiage or pomposity. John Murray, the head of a well-known family publishing house, once regaled me with stories of how one of his ancestors had decorously kept a celebrated Victorian author, who

45. মানবজাতির মঙ্গলবিধান, সামাজিক সমতা, পরিবেশগত বিপন্নতার ঝুঁকি হ্রাস ও বাস্তুতান্ত্রিক ঘাটতি / ক্রমক্ষয় নিম্নলিখিত যে ধারণার সঙ্গে যুক্ত তা হল :

(A) সোশ্যাল সাস্টেইনেবিলিটি

(B) গ্রিন ইকোনমি

(C) সাইলেন্ট স্প্রিং

(D) মন্ট্রিয়ল প্রোটোকল

**নীচের অনুচ্ছেদটি পড়ুন এবং 46 থেকে 50 নং প্রশ্নের উত্তর দিন :**

যেসব সংস্থা সম্পাদক নিয়োগ করে সেখানে সম্পাদক হলেন লেখক ও তাঁর প্রকাশকের মধ্যে যোগসূত্র, এবং একজন লেখক ও তাঁর সম্পাদককে খুব নিবিষ্টভাবে যোগাযোগ রাখতে হয়। টাইপস্ক্রিপ্ট পছন্দ করা ও সম্পাদনা ছাড়াও, রচনাটি প্রকাশিত হওয়ার আগে, সম্পাদককে চার-পাঁচবার লেখাটি খুব মন দিয়ে সমালোচকের দৃষ্টিতে পড়তে হয়। সম্পাদককে লেখকের সঙ্গে বসতে হয় অনেক ক্ষেত্রে, এবং তাঁর সঙ্গে লেখা নিয়ে পুঙ্খানুপুঙ্খ আলোচনা করতে হয়। অথবা, যদি লেখক এবং সম্পাদক দূরবর্তী শহরে থাকেন, তাহলে ডিজাইন, টাইপোগ্রাফি, মার্কেটিং সম্পর্কে নির্দিষ্ট পরামর্শ, জিজ্ঞাসা, বিভিন্ন সমস্যার সমাধানসূত্রসহ সম্পাদক লেখককে একাধিক চিঠিপত্র লিখে থাকেন। যদি প্রকাশক নিজেই তাঁর সম্পাদক না হন, এটা প্রমাণিত যে, লেখক ও তাঁর প্রকাশক সংস্থার সম্পর্ক সম্পাদকের দক্ষতা, কৌশল, সৃষ্টিশীলতা ও বুদ্ধিমত্তার ওপর অনেকটাই বর্তায়।

একসঙ্গে একটি বই তৈরির প্রক্রিয়ায় লেখক ও সম্পাদকের মধ্যে একটি অনন্য সম্পর্ক গড়ে ওঠে, এবং এটি যদি ফলপ্রসূ হয়, তাহলে এটা প্রায়শই গভীর বন্ধুত্বে গড়ায়। এর প্রমাণ বহন করে প্রকাশনার বিভিন্ন ফাইল এবং জনশ্রুতি, যা নানা যোগাযোগ ও গল্পে পরিপূর্ণ। অনেক লেখকই তাঁদের প্রতিভার বিকাশে সম্পাদকের মূল ভূমিকার কথা স্বীকার করেছেন। যে কৌশল ও দৃঢ়তা দিয়ে সম্পাদকরা লেখকদের বাগাড়ম্বর ও আত্মম্ভরিতা থেকে রক্ষা করেছেন তার কথাও বলেছেন। একটি পরিচিত পারিবারিক প্রকাশনা সংস্থার কর্তাব্যক্তি, জন মারে, একদা আমাকে কৃতার্থ করেছিলেন তাঁর এক পূর্বপুরুষ কীভাবে একজন বিখ্যাত ভিক্টোরীয় লেখককে সযত্নে নিবৃত্ত করেছিলেন তার গল্প শুনিয়ে, যিনি চর্মবন্ধনী (leash)-এর উপর একটি অকারণ দীর্ঘ উপন্যাস লিখেছিলেন। সেই শ্রীযুক্ত মারে লেখককে বলেছিলেন, ‘মহাশয়, আপনার পাণ্ডুলিপি একটি হিরের মতো— এটা তখনই জ্বলজ্বল করবে, যখন এটি উপযুক্তভাবে কাটা

tended to write needlessly long novels, on leash. 'Sir', said the concerned Murray to the author, 'your MS is like a diamond—it will glitter, but only when properly cut.' With this mixture of tact and sharpness he was given *carte blanche* by the author to chop the text, and ended up helping him publish a masterpiece that still remains in print. Apparently the author's letter of thanks to his editor and publisher is still preserved in the Murray files.

The editor's involvement with a title and its author does not necessarily end once it is accepted and then prepared for press; he usually coordinates the production and design of the work, reads proofs, suggests jacket designs and, when the book is ready, often sees it through the initial stages of the marketing process, including drawing up review lists, briefing sales reps, etc. During the several months of the gestation of a book, editor and author will have been in regular touch and, when the book appears, the author will usually continue to contact his editor for news about sales and reviews; he will sometimes bore the editor with suggestions about marketing, bare his heart to the editor when a bad review appears, share his relief when there is a good one; and, should he feel that the book is not visible in bookshops, direct his wrath at the editor rather than the marketing staff of the publishing house. The editor thus is not only the author's collaborator in the making of a book, but also his partner in celebration and his punching bag when things don't go well.

**46.** As stated in the given paragraph above, the editor:

(A) Corrects the types and shapes the marketing strategy only

(B) Reads through the manuscripts thoroughly many times

(C) Rarely reads the manuscript

(D) Seldom interacts with authors

হবে'। এই কৌশল আর উপস্থিত বুদ্ধির দৌলতে লেখক তাঁকে বইটি থেকে যথেচ্ছভাবে বর্জন ও পরিমার্জনের অধিকার দিলেন এবং এটা শেষ পর্যন্ত একটি সেরা শিল্পকর্ম হিসেবে প্রকাশিত হতে সাহায্য করল এবং এখনও এটি মুদ্রিত হয়। দৃশ্যতই এখনও মারের ফাইলে সম্পাদক ও প্রকাশককে লেখা লেখকের ধন্যবাদজ্ঞাপক চিঠিগুলি সংরক্ষিত হয়।

একটি বই ও তার লেখকের সঙ্গে সম্পাদকের জড়িত থাকা — এটি গৃহীত ও মুদ্রণের জন্য প্রস্তুতির সঙ্গেই শেষ হয়ে যায় না। সম্পাদক সাধারণত উৎপাদন ও কাজটির ডিজাইন-এর সমন্বয় রক্ষা করেন, প্রুফ সংশোধন করেন, জ্যাকেট ডিজাইনের বিষয়ে পরামর্শ দেন, এবং যখন বইটি প্রস্তুত হয়, তখন প্রারম্ভিক স্তরে মার্কেটিং প্রক্রিয়ার বিষয়টিও দেখেন — যার মধ্যে থাকে রিভিউ তালিকা প্রস্তুত করা, বিক্রয়-প্রতিনিধিদের বই সম্পর্কে সংক্ষেপে বোঝানো ইত্যাদি। একটি বই যখন প্রস্তুতি পর্বে থাকে, সেই কয়েকমাস সম্পাদক ও লেখক নিয়মিত যোগাযোগ রাখেন এবং যখন বইটি প্রকাশিত হয়, লেখক সাধারণত তাঁর সম্পাদকের কাছে বইয়ের বিক্রয় ও সমালোচনা সংক্রান্ত খবরের খোঁজখবর নিতেই থাকেন। কখনও তিনি মার্কেটিং-এর ব্যাপারে সম্পাদককে পরামর্শ দিয়ে উত্যক্ত করেন, যখন কোনও প্রতিকূল সমালোচনা বেরোয় তখন সম্পাদকের কাছে মন খুলে কথা বলেন, অনুকূল সমালোচনায় সম্পাদকের কাছে তাঁর স্বস্তি প্রকাশ করেন। যখন তাঁর মনে হয় তাঁর বইটি বইয়ের দোকানে মোটেই দৃশ্যমান নয়, তখন প্রকাশনা সংস্থার মার্কেটিং কর্মীর বদলে সম্পাদকের কাছেই তাঁর রাগ প্রকাশ করেন। সম্পাদক তাই একটি বই তৈরির ক্ষেত্রে শুধু লেখকের সহযোগী নন, বরং তাঁর উদ্‌যাপনের অংশীদার এবং যখন সবকিছু ঠিকঠাক চলে না তখন লেখকের আঘাতের লক্ষ্যও বটে।

**46.** উল্লিখিত অনুচ্ছেদ অনুযায়ী সম্পাদক :

(A) কেবল টাইপ-সংক্রান্ত সংশোধন ও মার্কেটিং কৌশল স্থির করেন

(B) পাণ্ডুলিপি বহুবার পুঙ্খানুপুঙ্খভাবে পড়েন

(C) কদাচিৎ পাণ্ডুলিপি পড়েন

(D) কদাচিৎ লেখকের সঙ্গে যোগাযোগ করেন

**47.** The friendship or otherwise between the editor and the author is established in:

(A) The text published

(B) The printing files

(C) The publisher's file

(D) The publishing files and stories which make sounds

**47.** সম্পাদক ও লেখকের মধ্যে বন্ধুত্ব অথবা এই জাতীয় সম্পর্কের বিষয়টি প্রতিষ্ঠিত হয় :

(A) প্রকাশিত রচনায়

(B) মুদ্রণের ফাইলে

(C) প্রকাশকের ফাইলে

(D) প্রকাশনার ফাইল এবং জনশ্রুতিবাহিত সুপরিচিত গল্পে

**48.** What did John Murray narrate in this piece?

(A) Narrated a story of an editor helping an author

(B) Wrote a story about himself

(C) Narrated how he promoted himself

(D) Narrated how the Victorian author failed to publish

**48.** জন মারে এই রচনায় কী বর্ণনা করেছেন?

(A) একজন সম্পাদক লেখককে যে সাহায্য করেছিলেন সেই গল্প বর্ণনা করেছেন।

(B) নিজের সম্পর্কে একটি গল্প লিখেছিলেন।

(C) কীভাবে নিজের উন্নতি করেছিলেন তা বর্ণনা করেছেন।

(D) কীভাবে একজন ভিক্টোরীয় লেখক বইপ্রকাশ করতে ব্যর্থ হয়েছিলেন তা বর্ণনা করেছেন।

**49.** The relationship between the author and the editor:

(A) Ends with the final copy for the press

(B) Continues beyond publication of books

(C) Ends with the final payment

(D) Begins with a new team

**49.** লেখক ও সম্পাদকের সম্পর্ক :

(A) মুদ্রণের জন্য চূড়ান্ত কপি প্রস্তুতের সঙ্গে শেষ হয়

(B) বই প্রকাশনার পরেও চলতে থাকে

(C) চূড়ান্ত পারিশ্রমিক প্রাপ্তির পর শেষ হয়

(D) একটি নতুন দলের সঙ্গে সূচনা হয়

**50.** What does an author usually do when his/her book does not do well in business?

(A) Withdraws from the publishing house

(B) Rewrite the book

(C) Directs his anger to the editor

(D) Looks for new publishing house

**50.** যখন তাঁর বইটি ভালো ব্যাবসা করতে পারে না তখন একজন লেখক সাধারণত কী করেন?

(A) প্রকাশনা সংস্থা থেকে প্রত্যাহার করেন

(B) বইটি পুনর্লিখন করেন

(C) তাঁর রাগ সম্পাদকের কাছে প্রকাশ করেন

(D) নতুন একটি প্রকাশনা সংস্থার সন্ধান করেন

**Space for Rough Work**

**Space for [redacted]gh Work**

[redacted]

**Space for Rough Work**

**Space for [redacted]gh Work**

[redacted]